

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১৬৭

২৯/ আংটির বিবরণ অধ্যায় (کتاب الخاتہ)

পরিচ্ছেদঃ ১. আংটি ব্যাবহার সম্পর্কে।

باب مَا جَاءَ فِي اتِّخَاذِ الْخَاتَم

আরবী

حَدَّتَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ ، عَنْ خَالِدٍ ، عَنْ سَعِيدٍ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَنَسٍ ، بِمَعْنَى حَدِيثِ عِيسَى بْنِ يُونُسَ زَادَ فَكَانَ فِي يَدِهِ حَتَّى قُبِضَ وَفِي يَدِ أَبِي بَكْرٍ حَتَّى قُبِضَ وَفِي يَدِ عُمَرَ حَتَّى قُبِضَ وَفِي يَدِ عُمرَ حَتَّى قُبِضَ وَفِي يَدِ عُمرَ حَتَّى قُبِضَ وَفِي يَدِ عُمُرَ حَتَّى قُبِضَ وَفِي يَدِ عُثْمَانَ ، فَبَيْنَمَا هُوَ عِنْدَ بِنْ إِذْ سَقَطَ فِي الْبِنْرِ ، فَأَمَرَ بِهَا فَنُزِحَتْ فَلَمْ يَقْدِرْ عَلَيْهِ .

বাংলা

8১৬৭. ওয়াহাব ইব্ন বাকীয়া (রহঃ) আনাস (রাঃ) ঈসা ইব্ন ইউনুসের হাদীছের অনুরূপ হাকীছ বর্ণনা করেছেন। তাতে এতটুকু অতিরিক্ত আছে যে, ঐ আংটিটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যতদিন জীবিত ছিলেন, ততদিন তা তাঁর হাতে ছিল। তাঁর ইনতিকালের পর সেটি আবু বকর (রাঃ) এর হাতে ছিল, তাঁর ইন্তিকালের পর সেটি উমার (রাঃ)-এর হাতে ছিল এবং তাঁর ইনতিকালের পর সেটি উছমান(রাঃ)-এর হাতে ছিল। একদা তিনি একটি কূপের পাশে বসে থাকার সময় সেটি কূপের মধ্যে পড়ে যায়। তাঁর নির্দেশে সে কূপের সমুদয় পানি সেচে ফেলা হয়, কিন্তু সে আংটি আর পাওয়া যায়নি।

English

The tradition mentioned above has also been transmitted by Anas through a different chain of narrators. This version as transmitted by 'Isa b. Yunus adds:

It remained in his hand until he died, in the hand of 'Abu Bakr until he died, in the hand of 'Umar until he died, and in the hand of 'Uthman. When he was near a well, it fell down in it. He ordered to take it out, but it could not be found.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন